

সংবাদ

যবিপ্রবিতে বিশ্বজ্ঞান অভিযোগে এক ছাত্র সাময়িক বহিষ্কার দু'জনের জরিমানা

যশোর অফিস

রাজনীতি নিষিদ্ধ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) বিশ্বজ্ঞান সৃষ্টির অভিযোগে এক ছাত্রকে বহিষ্কার ও দুই ছাত্রকে জরিমানা করা হয়েছে। অভিযুক্তদের মধ্যে ইএসটি বিভাগের তানভির, ফয়সালকে সাময়িক বহিষ্কার এবং আল মামুন সিমুন ও মাসুদুর রহমানকে পাঁচ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার রাতে জরুরি সভা থেকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মনিয়ুর রহমান স্বাক্ষরিত এক বার্তায় জানানো হয়েছে, ক্যাম্পাস অস্থিতিশীল করতে ছুটির মধ্যে বহিরাগতদের নিয়ে ক্যাফেটারিয়ায় মিটিং করা এবং পরে নিরাপত্তারক্ষীর ওপর চড়াও ও প্রক্টরিয়ায় বডি সম্পর্কে কটুক্তি করায় ওই তিন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। বৃহস্পতিবার রাতে যবিপ্রবি ডিসিপ্রিনি কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে তিনি জানান। যদিও এর আগে বৃহস্পতিবার বিকেলে প্রেসক্লাব যশোরে সংবাদ সম্মেলনে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক এমএম শামীম হাসান জানান, জাতীয় শোক দিবসের অনুষ্ঠান সফল করতে ছাত্রলীগ বৃহস্পতিবার ক্যাম্পাসে প্রস্তুতি সভা আহ্বান করে। দুপুরে প্রস্তুতি সভা চলাকালে স্থানীয় সন্ত্রাসীরা তাদের ওপর হামলা চালায়। হামলায় বিপ্রব কুমার দে, রিফাত আল নাসের, ইনজামাম, তানভীর ফয়সাল, সুমন আল হিমেলসহ অন্তত ১০ ছাত্রলীগ নেতাকর্মী আহত হন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মনিয়ুর রহমান রজু ও সহকারী প্রক্টর আমজাদ হোসেনের উপস্থিতিতেই সন্ত্রাসীরা তাদের উপর হামলা করে বলে সাংবাদ সম্মেলন থেকে দাবি করা হয়।

তবে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের সহকারী পরিচালক হায়তুলজামান মুকুল জানিয়েছেন, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ রাজনীতি মুক্ত প্রতিষ্ঠান। কিন্তু সেখানে কিছু ছাত্র কর্মসূচির নামে বিশ্বজ্ঞান সৃষ্টির চেষ্টা করছিল। এজন্য তাদের বিশ্ববিদ্যালয় চত্বর থেকে শাস্তিপূর্ণ উপায়ে বের করে দেওয়া হয়েছে। কোন মারামারি বা হামলার ঘটনা ঘটেনি।